



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০- ৫৮৮


তারিখ: ০১ ভাদ্র, ১৪২৮  
১৬ আগস্ট, ২০২১

বিষয় : গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন ০১নং কিশোরগাড়ী ইউনিয়নের ওয়ার্ড-ভিত্তিক সীমানা নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসক, গাইবান্ধা এর কার্যালয়ের স্মারক নং-১৬২, তারিখ: ০১/০৩/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন ০১নং কিশোরগাড়ী ইউনিয়নের ওয়ার্ড-ভিত্তিক সীমানা নির্ধারণ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ১৩ (৬) অনুযায়ী সীমানা নির্ধারণ কর্মকর্তা সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, গাইবান্ধা সংশোধিত তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয় এবং ওয়ার্ডসমূহের প্রকাশ্য স্থানে প্রকাশ করেন। পরবর্তীতে উক্ত আইনের ১৩ (৭) ধারা মোতাবেক প্রকাশিত তালিকার বিরুদ্ধে বিভিন্ন ওয়ার্ডের ১৩ জন সংস্কৃদ্ধ হয়ে আপীল করেন। উক্ত আপীলের শুনানী গ্রহণপূর্বক প্রতিবেদন উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা প্রেরণ করেন। প্রতিবেদনে আপীলকারীগণের বক্তব্য ও কিশোরগাড়ী ইউনিয়নের গণ্যমান্য ব্যক্তিবর্গের মতামত/পরামর্শ এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশ্লেষণপূর্বক (১) আন্দুয়া, (২) রাঙামাটি, (৩) শিমুলিয়া, (৪) পলাশগাছী মৌজা ০৪টি বাদ দিয়ে অবশিষ্ট ২৯টি মৌজা নিয়ে ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ১৩ (৭) মোতাবেক সীমানা নির্ধারণকারী কর্মকর্তার ০৯টি ওয়ার্ডের সীমানা নির্ধারণের চূড়ান্ত তালিকা বহাল রাখা যেতে পারে মর্মে আপীল গ্রহণকারী কর্মকর্তা মতামত প্রদান করেন। বর্ণিত পলাশবাড়ী উপজেলার কিশোরগাড়ী ইউনিয়নের ০৪টি মৌজাকে বাদ দিয়ে সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক নির্ধারিত ০৯টি ওয়ার্ডের সীমানা নির্ধারণ সংক্রান্ত তালিকা বহাল রাখা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন ০১নং কিশোরগাড়ী ইউনিয়নের ওয়ার্ড-ভিত্তিক সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রতীয়মান। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেছেন। বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম জেলা প্রশাসক, গাইবান্ধাকে সংশ্লিষ্টগণকে অবহিত করার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব  
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪  
Email : Up1lgd@gmail.com

জেলা প্রশাসক

গাইবান্ধা।

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।